



# ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়

ওয়াসা ভবন

৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

Website: www.dwasa.org.bd

স্মারক নং-৪৬.১১৩.২০৮.০০.১৩.০০৯.২০১৯-২০৬৯

তারিখঃ ২২/০৭/২০১৯

## চুক্তিভিত্তিক নিয়োগ বিজ্ঞপ্তি

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

ঢাকা ওয়াসার নিম্নবর্ণিত পদে ০৩ (তিন) বৎসরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	২৩/০৭/১৯ তারিখে বয়স	সর্বসাকুল্যে মাসিক বেতন	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	কর্মকর্তা (ফিন্যান্স ও ভ্যাট-ট্যাক্স)	৪টি	ন্যূনতম ৩২ বছর থেকে ৫০ বছর এর মধ্যে।	৫০,০০০/- (পঞ্চাশ হাজার)	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাব/ফাইন্যান্স এ অনূ্যন দ্বিতীয় শ্রেণীর স্নাতক (চার বছর মেয়াদী) সহ অনূ্যন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। (খ) সিএ (সিসি) সম্পন্ন প্রার্থীদের এবং/অথবা আইটিপি সার্টিফিকেটধারী/ভ্যাট এর উপর প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। (গ) কোন প্রতিষ্ঠানে হিসাব/আর্থিক ব্যবস্থাপনা-সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। (ঘ) শিক্ষা জীবনে সকল স্তরে অনূ্যন দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকতে হবে।
২.	সহকারী কর্মকর্তা (ফিন্যান্স ও ভ্যাট-ট্যাক্স)	৪টি	-এ-	৪০,০০০/- (চল্লিশ হাজার)	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাব/ফাইন্যান্স এ অনূ্যন দ্বিতীয় শ্রেণীর স্নাতক (চার বছর মেয়াদী) সহ অনূ্যন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। (খ) সিএ (সিসি) সম্পন্ন প্রার্থীদের এবং/অথবা আইটিপি সার্টিফিকেট ধারী /ভ্যাট এর উপর প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। (গ) কোন প্রতিষ্ঠানে হিসাব/আর্থিক ব্যবস্থাপনা-সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। (ঘ) শিক্ষা জীবনে সকল স্তরে অনূ্যন দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকতে হবে।

### সাধারণ প্রয়োজনীয় তথ্যাবলী :

- ১। আবেদন গ্রহণের শেষ তারিখ ১৮/০৮/২০১৯।
- ২। বিশেষ যোগ্যতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য হবে।
- ৩। চাকুরীরত প্রার্থীদেরকে স্ব স্ব নিয়োগ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করতে হবে।
- ৪। আগ্রহী প্রার্থীদেরকে ঢাকা ওয়াসার ওয়েব সাইট [www.dwasa.org.bd](http://www.dwasa.org.bd) এ অনলাইনের মাধ্যমে/সরাসরি আবেদন করতে হবে।
- ৫। Online Application Form এর মাধ্যমে নির্ধারিত ছকে (আবেদনপত্রের ফরমে) জীবন বৃত্তান্ত, সকল শিক্ষাগত যোগ্যতারসনদপত্র, সম্প্রতি তোলা রঙিন ছবি, স্থায়ী ঠিকানার সমর্থনে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত (সম্প্রতি) নাগরিকতার সনদপত্রের কপি, ভোটার আইডি কার্ডের ফটোকপি আবেদনপত্রের সাথে Online -এর মাধ্যমে প্রেরণ করতে হবে।
- ৬। প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ প্রদর্শন করতে হবে।
- ৭। প্রার্থীকে অনলাইনের মাধ্যমে ৫০০/- (পাঁচশত) টাকা ঢাকা ওয়াসার অনুকূলে প্রেরণ করতে হবে (অনলাইনে প্রেরিত নির্দেশনা অনুযায়ী)।
- ৮। নিয়োগ সংক্রান্ত সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং এ নিয়োগ বিজ্ঞপ্তি যে কোন সময় বাতিলের ক্ষমতাও কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। কর্তৃপক্ষের প্রয়োজনে পদ সংখ্যা কম বা বেশী হতে পারে।

স্বাক্ষরিত/-  
ব্যবস্থাপনা পরিচালক  
ঢাকা ওয়াসা।